

# বৃত্তি পেলেন ঢাকা বোর্ডের সাড়ে ৬ হাজার শিক্ষার্থী

নিম্ন প্রতিবেদক

১৩ আগস্ট ২০২৪, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক আমাদেশময়



এসএসসি পরীক্ষার ফলের ভিত্তিতে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে ৬ হাজার ৫৪২ শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হয়েছে। তাদের মধ্যে ৯০২ জন মেধাবৃত্তি ও ৫ হাজার ৬৪০ জন সাধারণ বৃত্তি পেয়েছেন।

গতকাল সোমবার বিকালে বৃত্তি পাওয়া শিক্ষার্থীদের তালিকা সংবলিত গেজেট প্রকাশ করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড।

জানা যায়, মেধাবৃত্তি পাওয়া শিক্ষার্থীদের মাসিক ৬০০ টাকা ও বছরে এককালীন ৯০০ টাকা দেওয়া হবে। আর সাধারণ বৃত্তিপ্রাপ্তরা মাসে ৩৫০ টাকা এবং বছরে এককালীন ৪৫০ টাকা পাবেন। বৃত্তির টাকা রাজস্ব বাজেটের বৃত্তি-মেধাবৃত্তি

খাত থেকে দেওয়া হবে।

জিপিএ-৫ পেয়ে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ায় নিয়মিত শিক্ষার্থীদের মেধাবৃত্তি দেওয়া হয়েছে। বোর্ডের আওতাধীন প্রতি উপজেলায় দুজন ছাত্র ও দুজন ছাত্রী সাধারণ বৃত্তি পেয়েছেন। আর মেট্রোপলিটন এলাকার প্রতিটি থানায় একজন ছাত্র ও একজন ছাত্রী এলাকা কোটা অনুসারে পেয়েছেন সাধারণ বৃত্তি।